



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়

www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

স্মারক নং-ইআবি/একা-৩৯/কা.ভর্তি/২০১৭/০০০৪৮০

তারিখঃ ২২ অগস্ট ২০২৩  
০৭ ডিসেম্বর ২০২৩

২০২১-২০২২ শিক্ষাবর্ষে কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদী শ্রেণীতে ১ম পর্বে ভর্তির সংশোধিত বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে কামিল স্নাতকোত্তর প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত ও অধিভুক্ত সকল কামিল মাদরাসার অধ্যক্ষগণসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদী শ্রেণীতে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীরা নিম্নোল্লিখিত ভর্তির যোগ্যতার নির্ধারিত শর্ত পূরণ সাপেক্ষে সংশ্লিষ্ট মাদরাসাসমূহে ভর্তি হতে পারবে।

**১। ভর্তির যোগ্যতা :**

- ফাজিল স্নাতক (অনার্স) ও কামিল (স্নাতকোত্তর) মাস্টার্স ১ বছর মেয়াদি ডিগ্রি অর্জনকারী একজন শিক্ষার্থী পরবর্তীতে নিয়মিত শিক্ষার্থী হিসাবে কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদী ডিগ্রি অর্জন করতে পারবে।
- ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে ফাজিল অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষা-২০২০ ও ২০২১ এ উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে কামিল স্নাতকোত্তর (২ বছর মেয়াদী) শ্রেণীতে ১ম পর্বে ভর্তি হতে পারবে।
- ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদী শ্রেণীর চূড়ান্ত পরীক্ষা-২০১৯ ও ২০২০ এ উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে কামিল স্নাতকোত্তর (২ বছর মেয়াদী) শ্রেণীতে অন্য যে কোন বিষয়ে নিয়মিত শিক্ষার্থী হিসেবে ১ম পর্বে ভর্তি হয়ে রেজিস্ট্রেশন করতে পারবে।

উল্লেখ্য ইতিপূর্বে স্মারক নং ইআবি/একা-৩৯/কা.ভর্তি/২০১৭/০০০৪৪৯, তারিখ: ২৯.১০.২০২৩ খ্রি. অনুযায়ী প্রকাশিত বিজ্ঞপ্তির অন্যান্য সকল শর্ত অপরিবর্তিত থাকবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

যোগাযোগের জন্য:

০১৮৯১৯৭৫৫৬২ (একাডেমিক শাখা)

০১৭০৯৩৮৯০০৭ (আই.সি.টি. শাখা)

*M. Kamal* 07.12.2023

(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)

রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।